# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৫৯]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ যোহরের নামাযের কিরাআত

باب الْقِرَاءَةِ فِي الظُّهْرِ

আরবী

□□□ـ عَنْ أَبِي قَتَادَةَ قَالَ: كَانَ النَّبِيُّ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ الأُولَيَيْنِ مِنْ صَلاَةِ الظُّهْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَتَيْنِ، يُطَوِّلُ فِي الأُولَى، وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ، وَيُسْمِعُ الآيَةَ أَحْيَانًا، وَكَانَ يَقْرَأُ فِي الْعَصْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَتَيْنِ، وَكَانَ يُطَوِّلُ فِي الأُولَى وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ، وَكَانَ يُطَوِّلُ فِي الرَّكْعَةِ الأُولَى مِنْ صَلاَةِ الصُّبْحِ، وَيُقَصِّرُ فِي الثَّانِيَةِ. (بخارى:□□□

বাংলা

৪৩১) আবু কাতাদাহ (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহরের নামাযের প্রথম দু'রাকআতে সূরা ফাতেহা পাঠ করার পর আরো দু'টি সূরা পাঠ করতেন। দু'রাকআতের প্রথম রাকআতে কিরাআত লম্বা করতেন এবং দ্বিতীয় রাকআতে সংক্ষেপ করতেন। কখনও কখনও তিনি আয়াত শুনাতেন। আর তিনি আসরের নামাযের প্রথম দু'রাকআতে সূরা ফাতেহা পাঠ করার পর আরো দু'টি সূরা পাঠ করতেন। দু'রাকআতের প্রথম রাকআতে কিরাআত লম্বা করতেন এবং দ্বিতীয় রাকআতে তা সংক্ষেপ করতেন। তিনি ফজরের নামাযের প্রথম রাকআতে দীর্ঘ কিরাআত পাঠ করতেন এবং দ্বিতীয় রাকআতে সংক্ষেপ করতেন।

## English

The recitation of the Qur'an in a Zuhr prayer

Narrated `Abi Qatada:

"The Prophet (ﷺ) in Zuhr prayers used to recite Al-Fatiha along with two other Suras in the first two rak`at: a long one in the first rak`a and a shorter (Sura) in the second, and at times the verses were audible. In the `Asr prayer the Prophet (ﷺ) used to recite Al-Fatiha and two more Suras in the first two rak`at and used to prolong the first rak`a. And he used to prolong

the first rak`a of the Fajr prayer and shorten the second.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89729

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন